# ভূমিকম্প পরিস্থিতি মূল্যায়নে বিশেষজ্ঞদের সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক



সংগৃহীত ছবি

দেশে সাম্প্রতিক ভূমিকম্পের ঝুঁকি ও সম্ভাব্য প্রভাব নিয়ে বিস্তৃত তথ্য জানতে বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠকে বসেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সোমবার (২৪ নভেম্বর) দুপুরে প্রধান উপদেষ্টার কার্যালয়ে এই গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়।

বৈঠকে গত শুক্রবারের শক্তিশালী ভূমিকম্পসহ পরবর্তী তিন দফা কম্পনের বিষয়টি গুরুত্ব দিয়ে পর্যালোচনা করা হয়। ভূকম্পবিদরা সম্ভাব্য ঝুঁকি, ভবিষ্যৎ পরিস্থিতি এবং জননিরাপত্তা নিয়ে বিস্তারিত মতামত প্রধান উপদেষ্টার সামনে তুলে ধরেন।

ড. ইউনূস বিশেষজ্ঞদের কাছ থেকে জানতে চান—এ ধরনের পরিস্থিতিতে দ্রুত ও কার্যকরভাবে কীভাবে প্রস্তুতি নেওয়া যায় এবং কোন পদক্ষেপগুলোকে অগ্রাধিকার দিতে হবে। ভূমিকম্প-পরবর্তী করণীয়, ভবনঝুঁকি মূল্যায়ন, জনসচেতনতা ও জরুরি ব্যবস্থাপনা বিষয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ সুপারিশও শোনেন তিনি। বৈঠক শেষে প্রধান উপদেষ্টা সংশ্লিষ্ট দপ্তরগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে দিকনির্দেশনা প্রদান করেন।

LENS ASIA